গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা
www.mopme.gov.bd

নম্বর: ৩৮.০০.০০০০.০০১.১১.০৯.২৪-৫৫৪

তারিখ: ৩ শ্রাবণ ১৪৩১ / ১৮ জুলাই ২০২৪

# নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)-এর নিম্নোক্ত শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে http://nape.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন প্রকার আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বয়স (১/০৭/২০২৪ তারিখে বয়সসীমা) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | **সহকারী বিশেষজ্ঞ**<br>গ্রেড: ৯ম<br><br>২২০০০-৫৩০৬০<br>(জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | ১৫ (পনের) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) অন্যূন দ্বিতীয় শ্রেণির ব্যাচেলর অব এডুকেশন (বিএড) ডিগ্রি। | অনূর্ধ্ব ৩০ বছর |

**অনলাইনে আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

১. নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধান সংশোধিত হলে তা অনুসরণ করা হবে;

২. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতিপত্র/ছাড়পত্র দাখিল করতে হবে;

৩. ০১/০৭/২০২৪ খ্রি: তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ০৫নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে।

ক মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যাদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। কোন প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা হিসেবে আবেদনপত্রে উল্লেখ করলে সে ক্ষেত্রে মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯/৬/২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রার্থীকে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে;

i. মুক্তিযোদ্ধার নাম সংবলিত "লাল মুক্তিবার্তা" অথবা "ভারতীয় তালিকা"র সত্যায়িত কপি এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website-এ প্রকাশিত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সংবলিত তালিকা Applicant's Copy এর সাথে জমা দিতে হবে। আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত "লাল মুক্তিবার্তা" কিংবা "ভারতীয় তালিকা" অথবা উপস্থাপিত উভয় তালিকার সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

ii. কোনো মুক্তিযোদ্ধার নাম "লাল মুক্তিবার্তা" কিংবা "ভারতীয় তালিকা"য় না থাকলে প্রার্থীকে মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সংবলিত

অ. গেজেট ও সাময়িক সনদ অথবা

আ. গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) কর্তৃক প্রদত্ত সনদ অথবা

ই. গেজেট, সাময়িক সনদ, ও বামুস সনদ

এর কপি মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে। Applicant's Copy-তে প্রার্থীর উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত গেজেট ও সাময়িক সনদ/গেজেট ও বামুস সনদ/গেজেট ও সাময়িক সনদ ও বামুস সনদ এর সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

৪. লিখিত (প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

৫. প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির একসেট সত্যায়িত ফটোকপিসহ **সকল মূলকপি** প্রদর্শন করতে হবে:

ক সকল শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সনদপত্র;

খ পূরণকৃত Application Form;

গ লিখিত পরীক্ষার প্রবেশপত্র;

ঘ জাতীয় পরিচয়পত্র;

ঙ সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি;

চ জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

ছ আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে অনুচ্ছেদ ৩ এর (ক) এ উল্লেখিত সত্যায়িত সনদপত্র;

জ আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রার্থীর পিতা-মাতার নাম এবং বীর মুক্তিযোদ্ধার/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার নাম উল্লেখসহ বীর মুক্তিযোদ্ধার সঙ্গে তাঁর সম্পর্কের সুস্পষ্ট প্রত্যয়নপত্র;

ঝ আবেদনকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঞ আবেদনকারী প্রতিবন্ধী হলে সমাজসেবা অধিদপ্তর কতৃক ইস্যুকৃত প্রতিবন্ধী সনদপত্র;

ট এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঠ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের ক্ষেত্রে "সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য" মর্মে জেলা আনসার অ্যাডজুট্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র; এবং

ড সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র/ছাড়পত্রের মূলকপি।

৬. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ জারীকৃত সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;

৭. নতুন পদ সৃষ্টি, পদোন্নতি, অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপসারণ ইত্যাদি কারণে কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

৮. সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। (প্রযোজ্যক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। )

৯. **আবেদনপত্র পূরণ সংক্রান্ত নির্দেশাবলি:**

ক আগ্রহী প্রার্থীগণ ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও নিয়মাবলী http://nape.teletalk.com.bd ও www.nape.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে;

খ আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **২১/০৭/২০২৪ খ্রিঃ সকাল ১০:০০ টা।**

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: **১৯/০৮/২০২৪খ্রিঃ বিকাল ৫:০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যে কোন Teletalk pre-paid mobile নম্বর থেকে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

গ Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষর সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে;

ঘ Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন। অসত্য তথ্য দাখিল করা হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

ঙ প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন;

চ SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid মোবাইল ফোন নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৬০০/- (ছয়শত টাকা) এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬৯ (উনসত্তর) টাকাসহ মোট ৬৬৯ (ছয়শত উনসত্তর) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না;

**প্রথম SMS**: **NAPE<space>User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে;
Example: NAPE ABCDEF
Reply: Applicant's Name, Tk-669/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type NAPE<Space>YES<Space> PIN লিখে Send করতে হবে 16222.
**দ্বিতীয় SMS**: **NAPE<space>YES<space>PIN** লিখে Send করতে হবে 16222.
Example: NAPE YES 12345678
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for NAPE application for <post name> User ID is (ABCDEF) and Password (*******).

দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এর মাধ্যমে প্রাপ্ত Password পরবর্তীতে ব্যবহারের জন্য সংরক্ষণ করতে হবে;

ছ SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহারের পর পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

জ Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;

ঝ প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://nape.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে;

ঞ শুধু Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন;
i.User ID জানা থাকলে:
**NAPE<space>Help<space>User<space>UserID** & Send to 16222.
Example: NAPE Help User ABCDEF & Send to 16222.

ii. PIN জানা থাকলে:
**NAPE<space>Help<space>PIN<space>PIN Number** & Send to 16222.
Example: NAPE Help PIN 12345678 & Send to 16222.

ট বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)-এর ওয়েবপোর্টাল (www.nape.gov.bd) এবং http://nape.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য (www.nape.gov.bd) ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং (যোগ্য প্রার্থীদেরকে) sms এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

ঠ অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা যে কোন অপারেটরের ফোন নম্বর থেকে ০১৫০০-১২১১২১ নম্বরে কল করতে পারবেন অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর subject-এ Organization Name: **NAPE**, Post Name:***, Applicant's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১০. **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১. নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ তথ্যসম্বলিত আবেদন দৃষ্টি-গোচর হলে উক্ত আবেদনটি বাতিল বলে গণ্য হবে।

১২. নিয়োগ সংক্রান্ত যাবতীয় বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**বি.দ্র.:** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে যথেষ্ট সময় নিয়ে **Online** এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমা করার পরামর্শ দেয়া যাচ্ছে।

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)-এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)-এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

২৮/০৯/২০২৪

(নুরুন্নাহার)
যুগ্মসচিব (প্রশাসন)
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি